

ভূমিকা

শুকরিয়া সেই মহান প্রভুর যিনি বর্তমান ও আমি বিহীন সময়ের জন্য সাদকায়ে জারিয়া হিসেবে এই অষ্টম বইটি লিখার তৌফিক দিয়েছেন।

পবিত্র কোরআন ও হাদীসের পাতায় পাতায় হাজারো নির্দেশনা রয়েছে আল্লাহ ও তাঁর রাসূলের পক্ষ হতে। এগুলো সব সময় একজন মানুষকে জাহেলিয়াতের অন্ধকার হতে হেদায়াতের পথ নির্দেশ করে। তারপরও কখনো কখনো খুব চিরচেনা কিছু বিষয়ও আমাদের স্মৃতি হতে হারিয়ে যায়। তাই হাশরের ময়দানের ৫টি প্রশ্ন, যেগুলোর উত্তর ছাড়া একপা নড়তে দেয়া হবে না- সেই গুরুত্বপূর্ণ প্রশ্নগুলোকে আবার স্মরণ করিয়ে দেবার জন্যই বইটি লিখা। সেই সাথে চেষ্টা করেছি বরাবরের মত একটু ভিন্নতর আঙ্গিকে বিষয়গুলো পাঠকের ভাবনার জগতে তুলে ধরতে।

যদি বইটির লিখনী হতে পাঠক বিষয়টির গুরুত্ব নতুন করে উপলব্ধি করতে পারেন তাহলে বুঝবো কষ্ট সার্থক হয়েছে।

আমার লেখা বইগুলোর শিক্ষাগুলো মহান প্রভু প্রথমে এই অধম বান্দীকে, সেই সাথে আমার পরিবার পরিজনকে এবং আপনাদেরও অনুসরণের তৌফিক দিন। আমীন।

নূর আয়েশা সিদ্দিকা (বিউটি)

জেদ্দা, নৌদি আরব

২০-৭-২০১৮

ইমেইল- noor.siddiqua79@gmail.com

সূচি পত্র

শুরুর কথা # ০৭

হাশরের ময়দানে ৫ টি প্রশ্ন # ০৯

১. প্রথম প্রশ্ন-কোন পথে সম্পদ আয় করেছো? # ০৯
 ২. দ্বিতীয় প্রশ্ন-কোন পথে সম্পদ ব্যয় করেছো? # ২৪
 ৩. তৃতীয় প্রশ্ন-অর্জিত জ্ঞান অনুযায়ী কী আমল করেছো? # ২৯
 ৪. চতুর্থ প্রশ্ন-যৌবন কাল কোন কাজে লাগিয়েছো? # ৩২
 ৫. পঞ্চম প্রশ্ন-জীবনকাল কোন পথে লাগিয়েছো? # ৩৪
- শেষকথা # ৩৮

হাশরের ময়দানে ৫টি প্রশ্ন:

আবু বুরাইদা আসলামী (রা) হতে বর্ণিত। রাসূল (সা) বলেন, “কিয়ামতের দিন কোন মানুষ ৪টি প্রশ্নের উত্তর না দিয়ে নড়তে পারবে না। (১) সম্পদ অর্জন ও ব্যয় সম্পর্কে, টাকা কিভাবে আয় করেছে এবং কিভাবে খরচ করেছে? (২) অর্জিত জ্ঞান সম্পর্কে, কি কাজে তা ব্যবহার করেছে? (৩) যৌবনকাল কোথায় ব্যয় করা হয়েছে এবং (৪) জীবনকে কী কাজে লাগিয়েছে? (সে সম্পর্কে)” (তিরমিযী, কিয়ামতের বিবরণ অধ্যায়। মিরকাতুল মাফাতীহ, শরহে মিশকাতুল মাসাবীহ, হাদীস নং- ৫১৯৭)

ইবনে মাসউদ (রা) রাসূল (সা) হতে বর্ণনা করেছেন। রাসূল (সা) বলেছেন, “মানুষের পা একবিন্দু নড়তে পারবে না যতক্ষণ পর্যন্ত তার কাছে ৫টি বিষয় জিজ্ঞাসাবাদ না করা হবে-(১) নিজের জীবনকাল (হায়াত) কোন কাজে অতিবাহিত করেছে? (২) যৌবনের শক্তি সামর্থ্য কোথায় ব্যয় করেছে? (৩) ধন-সম্পদ কোন পথে উপার্জন করেছে? (৪) ধনসম্পদ কোথায় ব্যয় করেছে? (৫) সে দীনের যতটুকু জ্ঞান অর্জন করেছে সে অনুযায়ী কতটুকু আমল করেছে”? (মুসলিম, তিরমিযী, রিয়াদুস সালাহীন-৪০৭)

একই হাদীস একটু ভিন্নভাবে দু’জন সাহাবী বর্ণনা করেছেন। এখানেও দেখা যাচ্ছে কিয়ামতের দিন যে কঠিন ৫টি প্রশ্ন করা হবে তা ফাঁস করে দেয়া হয়েছে। এখন আমরা এর উত্তর দিতে কী প্রস্তুতি নিচ্ছি সেটাই আমাদের ভেবে দেখতে হবে।

আমরা বুঝার সুবিধার্থে প্রশ্নগুলোকে এভাবে সাজিয়ে নেই।

(১) প্রথম প্রশ্ন- কোন পথে সম্পদ আয় করেছো?

প্রতিটি মানুষেরই জীবন চলার জন্য টাকা-পয়সা ধন-সম্পদের প্রয়োজন হয়। অনেকে আছেন এই প্রয়োজনকে মেটাতে হারাম পথে অন্যায়ভাবে টাকা পয়সা উপার্জন করেন। তাদের জন্য এই হাদীসটি অনেক বেশি গুরুত্বপূর্ণ।

চাকরিতে ঘুষ খাওয়া, কমিশন নেয়া, সুদী ব্যাংকে টাকা রাখা, অন্যের হক মেরে দেয়া, জোরপূর্বক টাকা আদায়, ধোঁকাবাজি, জালিয়াতি, ধার করে আত্মসাৎ, ওজনে কম দেয়া, পণ্যের দোষ গোপন করে বিক্রি করা, মদ